


মুগান্তৰ

শেকৃবির কেন্দ্রীয় প্রস্তাবারে আসন সংকট

প্রকাশ : ১৯ জুলাই ২০১৯, ০০:০০ | প্রিন্ট সংক্রান্ত



শেকৃবি সংবাদদাতা

রাজধানীর শেরেবাংলা কৃষি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় প্রস্তাবারে শিক্ষার্থীদের বসার জন্য তৈরি আসন সংকট রয়েছে। প্রতি বছর শিক্ষার্থী সংখ্যা বাড়লেও বাড়েন প্রস্তাবারের আসন সংখ্যা। এছাড়াও প্রতি বছর স্নাতকে ভর্তি হয় প্রায় ৬৫০ জন শিক্ষার্থী। প্রথমবর্ষে যেসব শিক্ষার্থী হলে থাকে, তাদের থাকতে হয় গণরামে। যেখানে পড়ার পরিবেশ নেই। এ অবস্থায় তাদের একমাত্র ভরসা কেন্দ্রীয় প্রস্তাবার। সরেজমিন দেখা যায়, বিশ্ববিদ্যালয়ে বর্তমান প্রায় ছয় হাজার শিক্ষার্থীর বিপরীতে লাইব্রেরিতে বসার জন্য রয়েছে মাত্র ৮০টি আসন। এ হিসেবে প্রায় ৭৫ জন শিক্ষার্থীদের জন্য ১টি আসন। চাকরি প্রার্থীরা নির্দিষ্ট আসনে বই রেখে যায়। এতে আসন সংখ্যা আরও কমে যায়। এ ছাড়াও বার্ষিক সাময়িকী প্রতি বছর পরিবর্তন করার নিয়ম থাকলেও দেখা যায় অনেক বছরের পুরনো সাময়িকী। এমনকি যেসব স্থানে সাময়িকী রাখা, সেসব স্থান ময়লায় পরিপূর্ণ। প্রতি বছর বই কেনার জন্য বাজেট থাকলেও, প্রস্তাবারে ঘুরে সাম্প্রতিক কালের কোনো বই অর্থাৎ সর্বশেষ সম্পাদনার কোনো বই পাওয়া যায়নি। প্রস্তাবার ভবন ছষ্টলাবিশিষ্ট হলেও সব তলা এখনও প্রস্তাবারের জন্য ব্যবহার করা হচ্ছে।

এনিম্যাল সাইন্স অ্যান্ড ভেটেরিনারি মেডিসিন অনুষদের দ্বিতীয় বর্ষের শিক্ষার্থী তুষার বলেন, পরীক্ষার সময় পড়তে গিয়ে দেখি সিট নেই। যদি মাত্র ৮০টি সিট থাকে তাহলে লাইব্রেরি ৬ তলা বানিয়ে কী লাভ? কতগুলো সিট সবসময় বই খাতা দিয়ে আটকানো থাকে। সব পুরনো জার্নালে ঠাসা, যদিও প্রতি বছরই জার্নাল প্রকাশিত হয়। এতে নতুন নতুন তথ্য থেকে বাধ্যত হচ্ছি।

গ্রন্থাগারিক ড. মো. আনোয়ারুল ইসলাম যুগান্তরকে বলেন, দ্রুতই আরও আসনের ব্যবস্থা করা হবে। আর কোনো সমস্যা থাকবে না। সর্বশেষ সম্পাদনার বই না পাওয়া যাওয়ার বিষয়ে তিনি বলেন, বই কেনার আগে, প্রতিটি বিভাগে প্রয়োজনীয় বইয়ের লিস্ট চেয়ে চিঠি দেয়া হয়। বাজেট স্বল্প হওয়ায় তাদের চিঠি আমলে নিয়ে বাজেটের মধ্যে বই কেনা হয়। যদি কোনো বইয়ের সর্বশেষ সম্পাদনা না পাওয়া যায় তাহলে আমরা কী করব। তিনি আরও বলেন, রিসার্চের জন্য লাইব্রেরির একটি তলা ব্যবহার করে রিসার্চ লাইব্রেরি করা হবে। ষষ্ঠতলায় একটি সেমিনার কক্ষ করা হবে।

ভারপ্রাপ্ত সম্পাদক : সাইফুল আলম, প্রকাশক : সালমা ইসলাম

প্রকাশক কর্তৃক ক-২৪৪ প্রগতি সরণি, কুড়িল (বিশ্বরোড), বারিধারা, ঢাকা-১২২৯ থেকে প্রকাশিত এবং যমুনা প্রিন্টিং এন্ড পাবলিশিং লিঃ থেকে মুদ্রিত।

পিএবিএক্স : ৯৮২৪০৫৪-৬১, রিপোর্টিং : ৯৮২৪০৭৩, বিজ্ঞাপন : ৯৮২৪০৬২, ফ্যাক্স : ৯৮২৪০৬৩, সার্কুলেশন : ৯৮২৪০৭২। ফ্যাক্স : ৯৮২৪০৬৬

E-mail: jugantor.mail@gmail.com

© সর্বস্বত্ত্ব স্বত্ত্বাধিকার সংরক্ষিত ২০০০-২০১৯। এই ওয়েবসাইটের কোনো লেখা, ছবি, অডিও, ভিডিও অনুমতি ছাড়া ব্যবহার বেআইনি।